" ডাক সেবার আধুনিকায়ন
গ্রাম-শহরের সম্মিলন "

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ডাক বিভাগ
ডেপুটি পোস্টমাস্টার জেনারেলের কার্যালয়
বগুড়া বিভাগ, বগুড়া-৫৮০০।
https://post.bogra.gov.bd

স্মারক নম্বর: ১৪.৩১.১০০০.৩৪৬.৯১.০০৩.২৪ তারিখ: বগুড়া, ২১/০৪/২০২৪ খ্রিঃ।

## উদ্যোক্তা নিয়োজন/ নিযুক্তি বিজ্ঞপ্তি

**সুন্দরগঞ্জ** উপজেলা ডাকঘরের স্মার্ট পোস্টাল সার্ভিস পয়েন্ট-এ উদ্যোক্তা হিসেবে দায়িত্ব পালনের জন্যে এক জন নারী এবং এক জন পুরুষ অস্থায়ী ভিত্তিতে নিযুক্ত/নিয়োজনের লক্ষ্যে **সুন্দরগঞ্জ** উপজেলায় স্থায়ীভাবে বসবাসরত নাগরিকগণের নিকট হতে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | উপজেলার নাম | পদের সংখ্যা | প্রার্থীর যোগ্যতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | উদ্যোক্তা (লেটার রাইটার),স্মার্ট পোস্টাল সার্ভিস পয়েন্ট | সুন্দরগঞ্জ,গাইবান্ধা | ২ জন (১ জন নারী এবং ১ জন পুরুষ) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার পরিচালনা, নাগরিক সেবা প্রদানের বাস্তব অভিজ্ঞতা ও তথ্য প্রযুক্তি সম্পর্কে দক্ষতা;<br>(গ) নিজ খরচে স্মার্ট পোস্টাল সার্ভিস পয়েন্ট এর জন্য প্রয়োজনীয় উপকরণ (কম্পিউটার, ল্যাপটপ, প্রিন্টার, স্ক্যানার ইত্যাদি), যন্ত্রপাতি এবং আসবাবপত্র ক্রয় করার সামর্থ্য;<br>(ঘ) স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে প্রযুক্তি নির্ভর ডিজিটাল সেবা ও আর্থিক অন্তর্ভুক্তিমূলক সেবা কার্যক্রম পরিচালনার সক্ষমতা থাকতে হবে;<br>(ঙ) কম্পিউটার চালনায় MS Office এ পারদর্শী হতে হবে।<br>(চ) রাষ্ট্রবিরোধী বা ফৌজদারী অপরাধের অভিযোগমুক্ত হতে হবে;<br>(ছ) পূর্বে জনবান্ধব সেবা প্রদানকারী এবং অভিজ্ঞদের অগ্রাধিকার প্রদান করা হবে।<br>(জ) কম্পিউটার বিষয়ক কোন প্রশিক্ষণ কোর্সধারীরা (সনদ বাধ্যতামূলক) এ ক্ষেত্রে অগ্রাধিকার পাবে। | |

শর্তাবলী:

০১। আবেদন শুরুর তারিখ: ২৫ ~~মে~~ এপ্রিল ২০২৪ খ্রি. এবং আবেদনের শেষ তারিখ: ২ মে ২০২৪ খ্রি: দিবাগত রাত ১১.৫৯। আবেদন লিংক- http://bdpost.eksheba.gov.bd/

০২। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক এবং স্থানীয় বাসিন্দা (পোস্ট কোডের আওতাধীন ও অত্র এলাকায় নূন্যতম ৫ বছর বসবাসরত) হতে হবে। এক উপজেলায় বসবাসকারী প্রার্থী অন্য উপজেলায় আবেদন করতে পারবেনা এবং এর ব্যত্যয় হলে প্রার্থীতা বাতিল বলে গন্য হবে।

০৩। প্রার্থীর বয়স জানুয়ারি, ২০২৪ খ্রি. তারিখে নূন্যতম ১৮ হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এ্যাফিডেবিট গ্রহণযোগ্য নয়।

০৪। অনলাইনে আবেদনের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবে।

ক) অনলাইন জন্ম সনদ এবং সকল শিক্ষাগত ও অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি।

খ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদপত্র এবং উদ্যোক্তা কর্তৃক কোনো প্রকার

অনিয়ম/বিশৃঙ্খল আচরণের ক্ষেত্রে দায়-দায়িত্ব নিবেন এই মর্মে অত্র এলাকায় স্থায়ীভাবে বসবাসরত গন্যমান্য ব্যক্তি/নিক ও আত্মীয়র নিকট হতে প্রত্যয়নপত্র।

গ) সদ্য তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।

০৫। নিয়োগ পরীক্ষা লিখিত, ব্যবহারিক (কম্পিউটার) এবং মৌখিক যা অনলাইনে অনুষ্ঠিত হবে। প্রার্থীকে নির্বাচনী (লিখিত, ব্যবহারিক (কম্পিউটার) এবং মৌখিক) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৬। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকালে নাগরিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, অভিজ্ঞতার সনদ, কম্পিউটার পারদর্শীতার সনদ সম্পর্কিত প্রমাণক, সনদপত্রের মূল কপি অবশ্যই প্রদর্শন করতে হবে।

০৭। ইতোমধ্যে বিদ্যমান দক্ষ, সৎ, যোগ্য এবং উদ্যোক্তা হিসেবে সাফল্যের গল্প আছে এমন উদ্যোক্তাগণকে অগ্রাধিকার দেয়া হবে।

০৮। উদ্যোক্তা হিসেবে নিযুক্ত/নিয়োজনের বিষয়ে কোন প্রকার প্রত্যক্ষ বা পরোক্ষ তদবীর/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে গন্য হবে।

৯। কোন কারন দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এবং কমিটি এ নিযুক্তি কার্যক্রম স্থগিত, শর্ত পরিবর্তন, সংযোজন এবং বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। এছাড়াও আবেদন বাছাই ও নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১০। স্মার্ট পোস্টাল সার্ভিস পয়েন্ট এর উদ্যোক্তার পদটি সরকারি, আউটসোর্সিং, অন্য কোনো চাকুরির পদ না। এমনকি উদ্যোক্তার পদকে স্থায়ী বা সরকারিকরণের জন্য ভবিষ্যতে কোনো আবেদন বা অন্য কোনো পদক্ষেপ গ্রহণ করা যাবে না।

১১। উদ্যোক্তা হিসেবে নিযুক্তির পর উদ্যোক্তার কার্যক্রম/আচরণে কোনো প্রকার অসঙ্গতি লক্ষ্য করা গেলে উদ্যোক্তা নিযুক্তিকরণ/নিয়োজনকারী কর্মকর্তা উদ্যোক্তা নিযুক্তির আদেশ বাতিল করতে পারবেন।

১২। স্মার্ট পোস্টাল সার্ভিস পয়েন্ট-এ উদ্যোক্তা হিসেবে দায়িত্ব পালনের জন্য সরকারের পক্ষ থেকে কোনো প্রকার বেতন/ভাতা/সম্মানী ইত্যাদি প্রদান করা হবে না। গ্রাহক সাধারণকে সেবা প্রদান বাবদ প্রাপ্ত আয় সংশ্লিষ্ট নীতিমালা অনুযায়ী গ্রহণ করবেন।

১৩। পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষার অনলাইন লিংক পরবর্তীতে প্রার্থীর ই-মেইলে জানানো হবে।

(মো: মহিদুল ইসলাম)
পোস্ট অফিস পরিদর্শক (প্রশাসন)
ডেপুটি পোস্টমাস্টার জেনারেলের কার্যালয়
বগুড়া বিভাগ, বগুড়া
সদস্য সচিব, উদ্যোক্তা নিয়োজন/ নিযুক্ত কমিটি

স্মারক নম্বর: ১৪.৩১.১০০০.৩৪৬.৯১.০০৩.২৪ তারিখ: বগুড়া, ২১/০৪/২০২৪ খ্রিঃ।

**সদয় জ্ঞাতার্থে এবং বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো:**

১। পোস্টমাস্টার জেনারেল, উত্তরাঞ্চল, রাজশাহী।
২। জেলা প্রশাসক, গাইবান্ধা।
৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সুন্দরগঞ্জ।
৪। উপজেলা চেয়ারম্যান, সুন্দরগঞ্জ।
৫। মেয়র, সুন্দরগঞ্জ পৌরসভা।
৬। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, সুন্দরগঞ্জ।
৭। তথ্য অফিসার, সুন্দরগঞ্জ।
৮। পোস্ট অফিস পরিদর্শক, গাইবান্ধা উপবিভাগ।
৯। উপজেলা পোস্টমাস্টার, সুন্দরগঞ্জ উপজেলা পোস্ট অফিস, সুন্দরগঞ্জ।

২১।০৪।২৪

সদস্য সচিব, উদ্যোক্তা
নিয়োজন/নিযুক্ত কমিটি